# আমাদরে কারও বরিুদ্ধে হুমকি

## এটা আমাদরে সবার জন্য সমস্যা

নিউ সাউথ ওয়েলস হচ্ছে একটি শক্তিশালী কমিউনিটি যেখানে বৈচিত্র্যপূর্নতার মূল্যায়ন করা হয়। প্রত্যেকের নিরাপত্তা নিশ্চিত করতে নিউ সাউথ ওয়েলসে আইন আছে এবং আপনি যেই হউন না কেন আপনাকে সবার সাথে সমভাবে মূল্যায়ন করা হয়।

আপনি যদি প্রকাশ্য সহিংসতার হুমকির সন্মুখিন হন অথবা হিংস্রতা উস্কে দেওয়ার মত ঘটনার শিকার হন তাহলে নিউ সাউথ ওয়েলসে যে আইনটি আপনাকে সুরক্ষা দিবে সে সম্পর্কে এই তথ্য পত্রটির মাধ্যমে জানতে পারবেন।

আপনি যদি এই ধরনের পরিস্থিতির শিকার হলে আপনি কি করতে পারেন, কোথা থেকে আইনগত সহায়তা পাবেন এবং সহায়তা প্রদানকারী সংগঠনের লিংক এই তথ্য পত্রটিতে দেয়া আছে।

## প্রকাশ্যে হুমকি এবং সহিংসতার জন্য প্ররোচিত করা

(সেকশন 93Z ক্রাইমস অ্যাক্ট ১৯০০ (নিউ সাউথ ওয়েলস))

নিউ সাউথ ওয়েলসে যদি কেহ ইচ্ছাকৃতভাবে অথবা বেপরোয়াভাবে কোন ব্যাক্তি বিশেষের অথবা কোন গ্রুপের বিরুদ্ধে নিম্ন লিখিত কোন একটি কারনে এমন কোন কাজ করে যাতে হুমকি দেওয়া বা সহিংসতার জন্য প্ররোচিত করা হয় :

- জাতি
- ধর্মীয় বিশ্বাস বা জড়িত থাকা
- যৌন দৃষ্টিভঙ্গি
- লিংগ পরিচয়
- উভলিঙ্গতা
- এইচ আই ভি/এইডস আক্রান্ত

তা হলে তারা ফৌজদারী আইনের অধীনে অপরাধে দোষী।

সহিংসতার জন্য প্ররোচিত করার মানে হল আপনি এমন কিছু বলবেন বা করবেন যাতে অন্যরা সহিংসতা করতে উৎসাহ পায়।

জনগনের দৃষ্টিগোচরে পরে এমন যে কোন আচরন যেমন বত্তৃতা দেওয়া, লিখন, প্রদর্শনের জন্য বিজ্ঞপ্তি, রেকর্ডকৃত উপাদান বাজানো, প্রচার করা, সামাজিক মাধ্যম এবং অন্যান্য ইলেকট্রনিক পদ্ধতিতে, ক্রিয়াকলাপ, অঙ্গভঙ্গি, পোশাক পরিধান বা প্রদর্শন, চিহ্নসমূহ, পতাকাসমূহ, প্রতীকচিহ্নসমূহ, পরিচয় চিহ্নসহ সব কিছুই পাবলিক অ্যাক্টের অন্তর্ভুক্ত থাকে।

এ ধরনের আইন যে ব্যক্তি মালিকানাধীন জায়গায়ও প্রয়োগযোগ্য।

পুলিশ সাহায্য লাইন ১৩১ ৪৪৪

১৩০০ ৮৮৮ ৫২৯ যোগাযোগ করুন।

আপনি যদি একটি ঘটনা নিউ সাউথ ওয়েলস পুলিশের কাছে রিপোর্ট করেন, তারা জানতে চাইবে কে এই কাজটি করেছে।

আপনি যদি জানেন কে এই কাজটি করেছে তা পুলিশকে বললে তা পুলিশের তদন্তে সহায়ক হবে। একজন ব্যাক্তি শুধুমাত্র তখনই s93z ধারা অনুযায়ী দোষী সাব্যস্ত হবে যদি সন্দেহাতীতভাবে প্রমান করা যায় যে তারা অপরাধটি সংগঠিত করেছেন বলে যথেষ্ট প্রমান অছে।

উদাহরন ১ (ওমরের ঘটনা)



"আমি ফেইসবুকে ছিলাম এবং আমি দেখলম যে এই পৃষ্ঠায় সবাই যাতে দেখতে পারে এমনভাবে আমার স্থানীয় মসজিদকে নিয়ে কোন একজন মন্তব্য করেছে। যেই পোষ্টটা করে থাকুক না কেন আমাদের বাজে নামে আখ্যায়িত করেছে এবং আরও বলেছে যে তারা আমাদের মত মুসলমানদের দেখে নিবে। পোষ্টের শেষে তারা অনেকগুলো মাথার খুলি এবং ক্রস হাড়ের ইমোজি রেখেছিল। তাদের লেখা যখন আমি দেখলাম, আমার নিজের এবং এই মসজিদে নামাজ পরে এমন অন্যান্যদের নিরাপত্তা নিয়ে দু:চিন্তাগ্রস্থ হলাম।"

ওমর যে পোষ্টটি দেখেছে তা সম্ভবত ক্রাইম অ্যাক্টের s93z আওতায় পড়ে।
ফেসবুকের এই পোষ্টটা একটা হুমকি ছিল কারন এই পোষ্টারে বলা হয়েছিল যে সে মুসলিমদের দেখে নিবে এবং মাথার খুলি এবং ক্রস হাড়ের ইমোজি ব্যবহার করেছিল।
এই পোষ্টটি জনসাধারনের জন্য উন্মুক্ত সামাজিক মাধ্যমে পোষ্ট করা হয়েছিল।
এবং এই ক্ষেত্রে মুসলিম ধর্মে বিশ্বাসী একটি গ্রুপের লোকজনের বিরুদ্ধে ব্যবহার করা হয়েছিল।

উদাহরন ২ (জেসের ঘটনা)



"আমি আমার গ্রোসারীর জন্য নিকটস্থ দোকানে গিয়েছিলাম এবং গতরাতে কার পার্কের চারিদিকে অনেকগুলো পোষ্টার লাগানো হয়েছে। এই পোষ্টারে সমকামীদের হত্যার কথা বলা হয়েছে। এটা খুবই অপ্রীতিকর। এই পোষ্টারের নীচে একটি সংগঠনের নাম আছে। আমি সরাসরি পুলিশের কাছে রিপোর্ট করেছি এবং তারা এ বিষয়টা তদন্ত করবে।"

জেস যে পোষ্টারটি দেখেছে তা সম্ভবত ক্রাইম অ্যাক্টের s93z ধারার আওতায় একটি অপরাধ বলে গন্য হবে।
এই পোষ্টারে উল্লেখিত গ্রুপের কথা উল্লেখ করে এর সদস্যদের হত্যার কথা বলে সংহিসতা সৃষ্টির জন্য প্ররোচিত করা হয়েছে।
এটা প্রকাশ্য কারন জনসাধারনের জন্য ব্যবহৃত কার পার্কে পোষ্টার দেওয়ার অর্থ হল এটা সবার জন্য উন্মুক্ত।
যৌন দৃষ্টিভঙ্গির কারনে একটি গ্রুপের বিরুদ্ধে তারা এটাকে ব্যবহার করেছে।

## বাক স্বাধীনতা মানে কি?

অস্ট্রেলিয়ায় কোন প্রকার হস্তক্ষেপ ছাড়াই মতামত প্রকাশের জন্য বাক স্বাধীনতা একটি অধিকার এবং যে কোন মাধ্যমে মত প্রকাশের স্বাধীনতা আছে।

জনগনের মধ্যে শৃঙ্খলা (public order) রক্ষায় এবং শান্তিময় ও কার্যকরী কর্মক্ষম সমাজ বিনির্মানে নিউ সাউথ ওয়েলসে আইন দ্বারা বাক স্বাধীনতাকে সীমিত করা হয়েছে।

এই আইনের ধারায় নিম্নলিখিত কাজগুলো বেআইনী বিবেচিত হবে:

- ইচ্ছাকৃত বা বেপরোয়াভাবে অন্যের বিরুদ্ধে হুমকিপূর্ন সহিংসতা অথবা সহিংসতা করার জন্য প্ররোচিত করা।
- কাউকে নিগৃহীত করা
- অন্যের বিরুদ্ধে বৈষম্যমূলক আচরন করা

## প্রকাশ্য হুমকি অথবা সহিংসতা সংগঠনের জন্য প্ররোচিত করার জন্য কে অভিযোগ করতে পারেন?

যে কেউই নিউ সাউথ ওয়েলস পুলিশ এর কাছে রিপোর্ট করতে পারেন। রিপোর্ট করার জন্য আপনাকে ভুক্তভোগী হতে হবে না।

## এ বিষয়ে সময়ের কোন বাধ্যবাধকতা অছে কি?

না, এর জন্য কোন সময়ের বাধ্যবাধকতা নেই।

## আমি যদি মনে করি কোন একটি ঘটনা ঘটেছে তাহলে আমি কি করতে পারি?

আপনি যদি মনে করেন ঘটনাটি ঘটেছে, তবে আপনি পুলিশের নিকট অভিযোগ করতে পারেন।

- আপনি যদি ঘটনাটি সংগঠিত হওয়ার সময় তাৎক্ষণিক অভিযোগ করেন তাহলে তিনটা শুন্য ০০০ তে ডায়াল করুন।
- ঘটনা ঘটার পরে করলে পুলিশ সাহায্য লাইন ১৩১ ৪৪৪ অথবা নিকটস্থ পুলিশ স্টেশনে যেয়ে অভিযোগ করুন।

## পুলিশের নিকট অভিযোগ দাখিলের পর কি হবে?

কোন ঘটনা পুলিশের নিকট অভিযোগ করার পর, পুলিশ বিষয়টির তদন্ত করবে। তাহারা নিম্নলিখিত কাজুগলো করবে:

১। প্রথমে সিদ্ধান্ত নিবে যে s93z আইনের আওতায় অপরাধীকে অভিযুক্ত করা যায় কিনা। সহিংসতার হুমকি অথবা উস্কানী দেওয়ার সময় অভিযুক্ত লাঞ্ছিত করার মত আরো একটি অপরাধ করে থাকে তাহলে পুলিশ অপরাধীকে সহিংসতার হুমকি ও উস্কানীর জন্যে অভিযুক্ত না করে লাঞ্ছিত করার অপরাধে অভিযুক্ত করার সম্ভাবনা আছে। সহিংসতার হুমকি ও উস্কানীর থেকেও লাঞ্ছিত (assault) করা গুরুতর অপরাধ বিধায় অপরাধী বেশী শাস্তি যোগ্য।

২। তারা যদি আইনের s93z ধারায় আপরাধীকে অভিযুক্ত করার সিদ্ধান্ত নেন সেক্ষেত্রে তারা পাবলিক প্রসিকিউশন এর পরিচালকের নিকট একটি প্রমানাদির সাক্ষ্য নথি পাঠাবেন। পাবলিক প্রসিকিউশন এর পরিচালক অবশ্যই s93z ধারায় মামলা পরিচালনা অনুমতি দিবেন।

## পুলিশ যদি কাউকে অভিযুক্ত না করেন তখন কি হবে?

কোন কোন সময় যা ঘটে তা ১৯০০ সালের ফৌজদারী (Crime) অ্যাক্ট s93z এর আওতায় পরে না। তখন তার পরিবর্তে ১৯৭৭ সালের ভিলিফিকেশন বা বৈষম্যতা বিষয়ক এন্টি-ডিসক্রিমিনেশন (Anti-discrimination Act) অ্যাক্টের আওতায় ফেলা যেতে পারে।

আপনি এই বিষয়ে নিম্নে দেয়া এন্টি-ডিসক্রিমিনেশন ওয়েবসাইটে আরো অনেক তথ্য পেতে পারেন।

www.antidiscrimination.nsw.gov.au

## আমি কোথায় আইনি সাহায্য পেতে পারি?

খুজে দেখুন কোন আইনটি প্রযোজ্য, আইনি সাহায়তার জন্যে ফোন নং ১৩০০ ৮৮৮ ৫২৯ যোগাযোগ করুন।

www.legalaid.nsw.gov.au or www.clcnsw.org.au